website: www.bangladesh-bank.org
www.bangladeshbank.org.bd
www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৩

তারিখ ঃ ফেব্রুয়ারী ১৪, ২০১১
ফাল্গুন ০২, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

ধান, চাল ব্যবসায়ী ও চাতাল/মিল মালিকদের
ঋণের পরিশোধ সময়সীমা পুণঃনির্ধারণ প্রসঙ্গে ।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮, তারিখ-ডিসেম্বর ২৯, ২০১০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

উক্ত সার্কুলার লেটারের মাধ্যমে ''Pledge এবং Hypothecation এর বিপরীতে রিভলভিং সিসি/ওডি ঋণের ক্ষেত্রে স্থানীয় মিল মালিকগণসহ সকল ধান/চাল ব্যবসায়ীদের গৃহীত অগ্রীম/ঋণ সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিন অন্তর অন্তর আবশ্যিকভাবে পরিশোধ/সমন্বয় করতে হবে'' মর্মে নির্দেশ প্রদান করা হয় ।

এক্ষণে বিষয়টি পুন:পর্যালোচনান্তে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, Pledge এবং Hypothecation এর বিপরীতে রিভলভিং সিসি/ওডি ঋণের ক্ষেত্রে স্থানীয় মিল মালিকগণসহ সকল ধান/চাল ব্যবসায়ীদের গৃহীত অগ্রীম/ঋণ সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) দিন অন্তর অন্তর আবশ্যিকভাবে পরিশোধ/সমন্বয় করতে হবে ।

সূত্রোক্ত সার্কুলার লেটারে বর্ণিত অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে ।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(কে, এম, আব্দুল ওয়াদুদ)
মহাব্যবস্থাপক
ফোন: ৭১১৭৮২৫